

ছাত্র-ছাত্রীদের জন্য অবশ্য পালনীয় নির্দেশ সমূহঃ

- ১। যথাসময়ে প্রতিদিন প্রতিষ্ঠানে উপস্থিত হতে হবে।
- ২। কলেজের নির্ধারিত পোশাক পরিধান করে কলেজে উপস্থিত হওয়া বাধ্যতামূলক।
- ৩। প্রত্যেক ছাত্রছাত্রীকে কলেজ চলাকালীন অবশ্যই তার পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।
- ৪। ক্লাসে রুটিন অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- ৫। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হতে পারবে না।
- ৬। অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কমপক্ষে ৬০% গড় ক্লাস উপস্থিতি থাকতে হবে।
- ৭। ক্লাস চলাকালীন মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। এবং পরীক্ষা চলাকালীন কলেজে মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৮। ক্লাস চলাকালীন বারান্দা বা অন্য জায়গায় অহেতুক ঘোরা ফেরা করা বা কোলাহল করা যাবে না।
- ৯। ক্লাস চলাকালে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ক্যাম্পাসের বাহিরে যাওয়া যাবে না।
- ১০। ক্লাস চলাকালীন বা ছুটির পর অকারণে ক্যাম্পাসে অবস্থান করা, ঘোরাঘুরি করা, চিৎকার করা বা গানবাজনা করা যাবে না।
- ১১। সাইকেল গ্যারেজ ব্যতিত অন্যত্র সাইকেল রাখা যাবে না। গ্যারেজে রাখার সময় সাইকেলে অবশ্যই ২টি তালা ব্যবহার করতে হবে।
- ১২। পাঠ সম্পূর্ণ কার্যক্রমে (যেমন- সাংস্কৃতিক প্রতিযোগিতা ও খেলাধুলা) স্বেচ্ছায় অংশগ্রহণের মাধ্যমে সুশীল সমাজের যোগ্য উত্তরসূরী হওয়ার দৃঢ়তা অর্জন করতে হবে।
- ১৩। ডেস্ক, ব্ল্যাকবোর্ড, দেয়াল, বাথরুম ইত্যাদিতে কোন কিছু লেখা বা সিঁড়িতে খুঁতু ফেলা যাবে না।
- ১৪। ব্যক্তিগত পরিচ্ছন্নতার সাথে সাথে নিজ নিজ শ্রেণিকক্ষের ও ক্যাম্পাসের সার্বিক পরিচ্ছন্নতা বজায় রাখতে যথাসাধ্য সহায়তা করতে হবে।
- ১৫। কলেজ ক্যাম্পাস সম্পূর্ণ ধুমপানমুক্ত এলাকা। এর লংঘন শাস্তিযোগ্য অপরাধ।
- ১৬। আইনশৃংখলা পরিপন্থি কার্যকলাপের জন্য কোন প্রকার নোটিশ ছাড়াই কর্তৃপক্ষ প্রয়োজনবোধে তাৎক্ষণিক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।